



প্রেস বিজ্ঞপ্তি

০২ নভেম্বর, ২০১৬

ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় ও হবিগঞ্জের মাধবপুরে হিন্দু সম্প্রদায়ের
বাড়িঘর ও মন্দিরে হামলার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট
(ব্লাস্ট) এর গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ

বিভিন্ন পত্র-পত্রিকায় ও যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, গত ৩০ অক্টোবর ২০১৬ তারিখ ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় জনৈক ব্যক্তি সামাজিক যোগাযোগ মাধ্যমে ধর্মীয় অনুভূতিতে আঘাত করে মন্তব্য করে। এ ঘটনার পরবর্তীতে ওই এলাকায় হিন্দু সম্প্রদায়ের বাড়িঘর, মন্দির, দত্তবাড়ি মন্দির ও জগন্নাথবাড়ি মন্দিরসহ ১৩টি বাড়ি লুটপাট ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এছাড়াও সাম্প্রতিক সময়ে হবিগঞ্জের মাধবপুরেও মন্দিরে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। হিন্দু সম্প্রদায়ের বাড়িঘর ও মন্দিরে হামলার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) তীব্র নিন্দা জানাচ্ছে এবং গভীর উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করছে।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধানের ৩১, ৩২ ও ৪১ অনুচ্ছেদ অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের; আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে এবং আইন, জনশৃঙ্খলা ও নৈতিকতা-সাপেক্ষে যে কোন ধর্ম অবলম্বন, পালন বা প্রচারের অধিকার রয়েছে। পাশাপাশি সংবিধানের ২৮(১) অনুচ্ছেদ অনুসারে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না। এই ন্যাক্কারজনক ঘটনায় সাধারণ নাগরিকদের মৌলিক অধিকার চরমভাবে লঙ্ঘিত হয়েছে।

আগামী ৪ঠা নভেম্বর ৪৪তম সংবিধান দিবসের প্রাক্কালে এ ধরনের ন্যাক্কারজনক ঘটনায় ব্লাস্ট তীব্র নিন্দা জানাচ্ছে ও ঘটনার সুষ্ঠু তদন্ত সহ দোষী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জনগণের নিরাপত্তা নিশ্চিত করা, সঠিক মনিটরিং করা, জনমত গঠনসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd